গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৬৩.২০২০- ৩৭৮

তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৭ / ০৮.০৯.২০২০

**বিষয়ঃ ডাঃ সঞ্জয় বিশ্বাস (১৩০০২১), মেডিকেল অফিসার, বক্ষব্যাধি ক্লিনিক, গোপালগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা**

বিভাগীয় মামলা নম্বরঃ ...০৫২/২০২০

## অভিযোগনামা

যেহেতু আপনি ডাঃ সঞ্জয় বিশ্বাস (১৩০০২১), মেডিকেল অফিসার, বক্ষব্যাধি ক্লিনিক, গোপালগঞ্জ গত ০৪.০৩.২০২০ হতে ১৪.০৩.২০২০ তারিখ পর্যন্ত এবং গত ১৬.০৩.২০২০ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু আপনি উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করে ১৭ মার্চ ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে মাননীয় প্রধানমন্ত্রীর গোপালগঞ্জ সফরের মত রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কার্যক্রম উপেক্ষা করেছেন;

যেহেতু আপনি কোভিড-১৯ রোগ প্রতিরোধ এবং আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিতকরণার্থে স্বাস্থ্য সেবা বিভাগের ১৯.০৩.২০২০ তারিখের ৪৬৯ নম্বর স্মারকে স্বাস্থ্য বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের সকল প্রকার ছুটি বাতিলের নির্দেশনা অমান্য করেছেন;

যেহেতু আপনার এহেন কর্মকান্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক অসদাচরণ ও পলায়নের দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল। একইসঙ্গে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা, তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

০৮.০৯.২০২০

**(মো. আবদুল মান্নান)**
**সচিব**

ডাঃ সঞ্জয় বিশ্বাস (১৩০০২১)
মেডিকেল অফিসার, বক্ষব্যাধি ক্লিনিক, গোপালগঞ্জ।
(বর্তমান ঠিকানাঃ ২/এফ, আজিমপুর কলোনী, ঢাকা-১২০৫)
(স্থায়ী ঠিকানাঃ ফ্ল্যাট-বি/৩, ১৪০, রায়ের বাজার কলোনী, ঢাকা-১২০৯)।

নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.০৬৩.২০২০- ৩৭৮/১(৭) তারিখঃ ০৮.০৯.২০২০

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (উপর্যুক্ত তথ্যাদি কম্পিউটারে সংরক্ষিত রাখার অনুরোধসহ)

D:\Discipline Work 2018\DP Folder-2020\Charge Frame-2020-67.docx

৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।(সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
৭। সিভিল সার্জন, গোপালগঞ্জ
৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১০। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১১। অফিস কপি

(মোঃ শাহদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

## অভিযোগ বিবরণী

আপনি ডাঃ সঞ্জয় বিশ্বাস (১৩০০২১), মেডিকেল অফিসার, বক্ষব্যাধি ক্লিনিক, গোপালগঞ্জ গত ০৪.০৩.২০২০ হতে ১৪.০৩.২০২০ তারিখ পর্যন্ত এবং গত ১৬.০৩.২০২০ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

আপনি উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করে ১৭ মার্চ ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে মাননীয় প্রধানমন্ত্রীর গোপালগঞ্জ সফরের মত রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কার্যক্রম উপেক্ষা করেছেন; এবং

আপনি কোভিড-১৯ রোগ প্রতিরোধ এবং আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিতকরণার্থে স্বাস্থ্য সেবা বিভাগের ১৯.০৩.২০২০ তারিখের ৪৬৯ নম্বর স্মারকে স্বাস্থ্য বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের সকল প্রকার ছুটি বাতিলের নির্দেশনা অমান্য করেছেন।

আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কর্মকান্ড দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায়ে অভিযুক্ত হয়েছেন।

০৮.০৯.২০২০
(মো. আবদুল মান্নান)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৫৯.২০২০-৩১৯

তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৭
০৮.০৯.২০২০

**বিষয়ঃ ডাঃ মোঃ টিপু সুলতান (১৩৮২৩৩), সহকারী সার্জন, দপদপিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, নলছিটি, ঝালকাঠি-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা।**

বিভাগীয় মামলা নং: .......০৫৩../২০২০

## অভিযোগনামা

যেহেতু আপনি ডাঃ মোঃ টিপু সুলতান (১৩৮২৩৩), সহকারী সার্জন, দপদপিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, নলছিটি, ঝালকাঠি সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে আপনার Md. Tipu Sultan নামীয় আইডি থেকে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার; অর্থ, পররাষ্ট্র, স্বাস্থ্য এবং তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী; স্থানীয় সরকার বিভাগ, জননিরাপত্তা বিভাগ ও স্বাস্থ্য সেবা বিভাগের সচিব এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকসহ জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি/কর্মকর্তাগণ সম্পর্কে ক্রমাগতভাবে অশোভন, আপত্তিকর ও শিষ্টাচার-বর্হিভূত ভাষায় বিভিন্ন অসত্য তথ্য এবং উসকানিমূলক ও অসংলগ্ন মন্তব্য পোস্ট করেছেন;

যেহেতু আপনি উপরোল্লিখিত গুরুত্বপূর্ণ ব্যক্তি/কর্মকর্তাগণ এবং স্বাস্থ্য মন্ত্রণালয়সহ তথা সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর সম্পর্কে অন্যের লেখা বিভ্রান্তিকর তথ্য/স্ট্যাটাস ও লিংক নিজের টাইমলাইনে শেয়ার করেছেন;

যেহেতু আপনার এহেন কর্মকাণ্ডের ফলে করোনা মহামারির সময়ে স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তর তথা সরকারের গৃহীত উদ্যোগ সম্পর্কে জনমনে নেতিবাচক ধারণা ও বিভ্রান্তি সৃষ্টি হয়েছে এবং জনগণের মাঝে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে;

যেহেতু আপনার এহেন কর্মকাণ্ডের ফলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০১৯ (পরিমার্জিত সংস্করণ)' এর ১০ (ক, গ, ঙ, ছ, ঝ) অনুচ্ছেদ গুরুতরভাবে লঙ্ঘিত হয়েছে;

যেহেতু আপনি এ বিষয়ে নলছিটি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বরাবর দাখিলকৃত লিখিত জবাবে অপরাধের সত্যতা নিজে স্বীকার করেছেন;

যেহেতু আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না, সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল। একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা, তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

০৮.০৯.২০২০
**(মো. আবদুল মান্নান)**
**সচিব**

ডাঃ মোঃ টিপু সুলতান (১৩৮২৩৩)
সহকারী সার্জন, দপদপিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র
নলছিটি, ঝালকাঠি।

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৫৯.২০২০-৩৭৯ তারিখঃ ০৮.০৯.২০২০

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ</u>

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (উপর্যুক্ত তথ্যাদি কম্পিউটারে সংরক্ষিত রাখার অনুরোধসহ)
৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
৭। সিভিল সার্জন, ঝালকাঠি
৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নলছিটি, ঝালকাঠি
৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১১। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১২। অফিস কপি

৮.৯.২০২০

(মো: শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

আপনি ডাঃ মোঃ টিপু সুলতান (১৩৮২৩৩), সহকারী সার্জন, দপদপিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, নলছিটি, ঝালকাঠি সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে আপনার Md. Tipu Sultan নামীয় আইডি থেকে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার; অর্থ, পররাষ্ট্র, স্বাস্থ্য এবং তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী; স্থানীয় সরকার বিভাগ, জননিরাপত্তা বিভাগ ও স্বাস্থ্য সেবা বিভাগের সচিব এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকসহ জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি/কর্মকর্তাগণ সম্পর্কে ক্রমাগতভাবে অশোভন, আপত্তিকর ও শিষ্টাচার-বর্হিভূত ভাষায় বিভিন্ন অসত্য তথ্য এবং উসকানিমূলক ও অসংলগ্ন মন্তব্য পোস্ট করেছেন;

আপনি উপরোল্লিখিত গুরুত্বপূর্ণ ব্যক্তি/কর্মকর্তাগণ এবং স্বাস্থ্য মন্ত্রণালয়সহ তথা সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর সম্পর্কে অন্যের লেখা বিভ্রান্তিকর তথ্য/স্ট্যাটাস ও লিংক নিজের টাইমলাইনে শেয়ার করেছেন;

আপনার এহেন কর্মকাণ্ডের ফলে করোনা মহামারির সময়ে স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তর তথা সরকারের গৃহীত উদ্যোগ সম্পর্কে জনমনে নেতিবাচক ধারণা ও বিভ্রান্তি সৃষ্টি হয়েছে এবং জনগণের মাঝে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে;

আপনার এহেন কর্মকাণ্ডের ফলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০১৯ (পরিমার্জিত সংস্করণ)' এর ১০ (ক, গ, ঙ, ছ, ঝ) অনুচ্ছেদ গুরুতরভাবে লঙ্ঘিত হয়েছে; এবং

আপনি এ বিষয়ে নলছিটি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বরাবর দাখিলকৃত লিখিত জবাবে অপরাধের সত্যতা নিজে স্বীকার করেছেন।

আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কর্মকাণ্ড দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত হয়েছেন।

০৮.০৯.2020

**(মো. আবদুল মান্নান)**
**সচিব**